গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী এর কার্যালয়, সওজ
সড়ক বিভাগ, পাবনা
ফোন ঃ ০২৫৮৮৮৪৫৮৫৩, web : rhd.pabna.gov.bd
E-mail : rhdpabna@gmail.com / eepab@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.৭৬০০.৪৫৯.৩৬.০০১.২২-১৪৮৬ তারিখ ঃ ২০-০৭-২০২২ খ্রিঃ

সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভূক্তি/লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, পাবনা কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে প্রতিক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীন ক্রয়কার্য (NCT-Works) সম্পাদনের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সড়ক বিভাগ, পাবনা অথবা উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সড়ক উপ-বিভাগ-১/২, পাবনা হতে আগামী ২১/০৭/২০২২ হতে ২১/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। ১০০০.০০ (এক হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী, সওজ, পাবনা সড়ক বিভাগ, পাবনা এর অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করত: আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২২ আগস্ট ২০২২ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পাবনা সড়ক বিভাগীয় অফিসে জমা প্রদান করতে হবে। সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভূক্তিকরণ দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা প্রদান করে না।

উল্লেখ্য যে, ইতোপূর্বে অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ ২০২২-২০২৩ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি বাবদ টাকা = ২,০০০/- (দুই হাজার টাকা) + ১৫% ভ্যাটসহ বিনা জরিমানায় আগামী ৩১/০৭/২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা পূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

20.07.2022
(আবুল মনসুর আহমেদ)
পরিচিতি নং-৬০২২৮৮
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
সড়ক বিভাগ, পাবনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, পাবনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, পাবনা।
৫। পুলিশ সুপার, পাবনা।
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পাবনা/পানি উন্নয়ন বোর্ড, পাবনা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাবনা/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
৭। কম্পিউটার সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিখানা RHD web Site-এ প্রকাশের জন্য অনুরোধ করা হল।
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ-১/২, পাবনা।
৯। সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, পাবনা।
১০। বিভাগীয় হিসাব রক্ষক/ক্যাশিয়ার/উচ্চমান সহকারী, সড়ক বিভাগ, পাবনা।
১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণী, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ / Dhaka Tribune, FR Tower, 8/C Panthapath, Dhaka-1207 / দৈনিক ইছামতি/দৈনিক নতুন বিশ্ববার্তা, এ হামিদ রোড, পাবনা। বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় (অনধিক ৪ কলাম × ৫" সাইজে) যে কোন ১(এক) দিন প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ৩ (তিন) কপি অত্র দপ্তরে যথাসময়ে অবশ্যই প্রেরণ করতে হবে। বিল প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
১২। অফিস নথি।